# সুনান আদ-দারাকুতনী

## হাদিস নাম্বারঃ ১৩৯৯

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫৯. অসুস্থ ব্যক্তির নামায যার দাঁড়ানোর শক্তি নেই এবং জন্তুযানের পিঠে ফরয নামায পড়া

بَاب صَلَاةِ الْمَرِيضِ لَا يَسْتَطِيعُ الْقِيَامَ وَالْفَرِيضَةِ عَلَى الرَّاحِلَةِ

---

আরবী

ثَنَا مُحَمَّدُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ نَيْرُوزَ الْأَنْمَاطِيُّ ، ثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ غَزْوَانَ أَبُو عَبْدِ اللَّهِ ، ثَنَا ابْنُ الرَّمَّاحِ قَاضِي بَلْخٍ عَنْ كَثِيرِ بْنِ زِيَادٍ أَبِي سَهْلٍ الْبَصْرِيِّ الْعَتَكِيِّ عَنْ عَمْرِو بْنِ عُثْمَانَ بْنِ يَعْلَى بْنِ أُمَيَّةَ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ يَعْلَى بْنِ أُمَيَّةَ صَاحِبِ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ قَالَ : انْتَهَيْنَا مَعَ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ إِلَى مَضِيقٍ، السَّمَاءُ مِنْ فَوْقِنَا وَالْبِلَّةُ مِنْ أَسْفَلِنَا وَحَضَرَتِ الصَّلَاةُ ، فَأَمَرَ الْمُؤَذِّنَ فَأَذَّنَ وَأَقَامَ، أَوْ أَقَامَ بِغَيْرِ أَذَانٍ ثُمَّ تَقَدَّمَ النَّبِيُّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فَصَلَّى بِنَا عَلَى رَاحِلَتِهِ وَصَلَّيْنَا خَلْفَهُ عَلَى رَوَاحِلِنَا وَجَعَلَ سُجُودَهُ أَخْفَضَ مِنْ رُكُوعِهِ

বাংলা

১৩৯৯(৫). মুহাম্মাদ ইবনে ইব্রাহীম ইবনে নায়রূয আল-আনমাতী (রহঃ) ... রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবী ইয়ালা ইবনে উমায়্যা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে এক সংকীর্ণ স্থানে পৌছলাম। আমাদের উপরে ছিল আসমান (থেকে বৃষ্টি বর্ষিত হচ্ছিল) এবং নিচে ছিল ভিজা মাটি। এমতাবস্থায় নামাযের ওয়াক্ত হলে তিনি মুআযযিনকে নির্দেশ দিলেন এবং সে আযান ও ইকামত দিলো অথবা আযান ব্যতীত শুধু ইকামত দিলো। তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সামনে অগ্রসর হয়ে তাঁর জন্তুযানে আরোহিত অবস্থায় আমাদের নামায পড়ালেন এবং আমরাও আমাদের জন্তুযানে আরোহণ করে তাঁর পিছে নামায পড়লাম। তিনি তার রুকূ অপেক্ষা সিজদায় বেশি নিচু হয়েছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ ইয়ালা ইবন উমাইয়া (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81188

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন